



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
কমন সার্ভিস শাখা



সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি ও পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মামুনুর রশিদ পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	১৬-০২-২০২৩
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা
স্থান	বোর্ডের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট"ক"

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। তিনি আরও বলেন, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ প্রশাসনে স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নাগরিকগণকে সেবা প্রদান সম্পর্কিত বিষয়ে লিখিত প্রতিশ্রুতিই হল সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেনস্ চার্টার। সেবা প্রদান প্রতিশ্রুতি হল নাগরিক এবং সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি। একটি প্রতিষ্ঠানের সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা সিটিজেনস্ চার্টারে বিবৃত থাকে। সেবা প্রদান প্রতিশ্রুতি সরকারের দায়বদ্ধতা, স্বচ্ছতা ও সেবা প্রদানের মানসিকতা নিশ্চিত করে। সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। রেশম উন্নয়ন বোর্ডের সিটিজেন চার্টার এর ফোকাল পয়েন্ট জনাব মোঃ নাসির উদ্দীন বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতির নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সেবা রেশম চাষীদের দোরগোড়ায় পৌঁছাতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য কর্মকর্তা-কর্মচারীদের সচেতন ও মানসিকতার বিকাশ ঘটাতে হবে। তিনি রেশম উন্নয়ন বোর্ডের সিটিজেন চার্টারের কিছু বিষয় যেমন-দিনের পরিবর্তে কার্যদিবস, প্রযোজ্য নয় এর পরিবর্তে বিনামূল্যে লেখার ব্যাপারে মন্ত্রিপরিষদের নির্দেশনার বিষয়টি তুলে ধরেন। তাছাড়া তিনি সিটিজেন চার্টারের ২০২২-২০২৩ কর্মপরিকল্পনা তুলে ধরে সংশ্লিষ্ট উপপরিচালকগণকে নির্ধারিত সময়ে বাস্তবায়নের জন্য তাগিদ দেন।

সভায় বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সিটিজেনস্ চার্টার এর বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়:-

সিদ্ধান্ত: (১) রেশম উন্নয়ন বোর্ডের সিটিজেনস্ চার্টার এর সেবাসমূহ রিভিউ করে তৃতীয় ত্রৈমাসিকের এর মধ্যে স্বাক্ষরিত কপি স্ক্যান করে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। একই সাথে ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করবেন।

বাস্তবায়নে: সিটিজেনস্ চার্টার ফোকাল পয়েন্ট।

(২) রেশম উন্নয়ন বোর্ডের সকল আঞ্চলিক কার্যালয়ের দেয়ালে টাঙানো সিটিজেনস্ চার্টার তৃতীয় ত্রৈমাসিকের এর মধ্যে সংশোধন করে অফিসের বাহিরে দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে, সেবা গনকে দিনের পরিবর্তে কার্যদিবস ইত্যাদি সংরক্ষণ করতে হবে। বাস্তবায়নে: সকল উপপরিচালক, আঞ্চলিক কার্যালয়।

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মামুনুর রশিদ
পরিচালক (প্রশাসন)


স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৮.১৬.০০২.২০.২৪

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯

২৭ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৩) নির্বাহী প্রকৌশলী/উপ প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক(বীজ)/উপ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৪) উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী, রংপুর, ঝিনাইদহ, ঢাকা, রাঙামাটি।
- ৫) জনসংযোগ কর্মকর্তা/সহকারী পরিচালক মনিটরিং/সহকারী পরিচালক (প্রশাসন / কমন সার্ভিস) , বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৬) বাজেট কর্মকর্তা, হিসাব ও বাজেট শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও বাজেট শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৮) প্রশাসনিক কর্মকর্তা, পাট-২, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়। সদয় অবগতির জন্য।
- ৯) স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।



মোঃ মামুনুর রশিদ
পরিচালক